# Times Today BD

শিবলী রহমান শিপু | দেশজুড়ে | 07 April, 2025

সিরাজগঞ্জে ৪০ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‍্যাপিড একশন ব্যাটেলিয়ন (র‍্যাব)-১২।

সোমবার (৭ এপ্রিল) সকালে র‍্যাব-১২'র সদর কোম্পানীর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার দীপংকর ঘোষ এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানান।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, রবিবার রাত সোয়া ১১ টার দিকে র‍্যাবের একটি চৌকস দল সলঙ্গা থানাধীন ধোপাকান্দি এলাকায় রিফা বেকারীর সামনে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।অভিযানে ৪০ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারীকে গ্রেফতার করে র‍্যাব সদস্যরা।এছাড়াও তাদের সাথে থাকা গাঁজা ক্রয়-বিক্রয় কাজে ব্যবহৃত ২ টি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল থানার উত্তর ঝাউলাছড়া গ্রামের মৃত কানা মিয়ার ছেলে মোঃ আবুল কালাম(২৮) ও একই গ্রামের মোঃ জয়নাল মিয়ার ছেলে মোঃ মমিন মিয়া(৩০)।

আসামীদের কাছ থেকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, তারা দীর্ঘদিন যাবৎ লোকচক্ষুর আড়ালে নেশা জাতীয় মাদকদ্রব্য গাঁজা বিভিন্ন পরিবহনের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্ত থেকে সংগ্রহ করে বিভিন্ন জেলায় ক্রয় বিক্রয় করে আসছিল।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে সলঙ্গা থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

সিরাজগঞ্জ কোম্পানী,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:59

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/432775807